

মূল্যায়ন পরীক্ষা - ২০২০
শ্রেণি - ৫ম
বিষয় - বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ১০০

১. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লিখ:

২×১৫=৩০

- ক) সিদ্ধার্থ ভূমিষ্ঠ হবার পর নিজের বিষয়ে কোন দুটি কথা বলেছিলেন?
- খ) গৌতম বুদ্ধ দিব্য দৃষ্টিতে কোন দুজন ঋষির মৃত্যু সম্পর্কে অবহিত হন?
- গ) পঞ্চবর্গীয় শিষ্য বলতে কী বোঝ?
- ঘ) সকলের শ্রদ্ধা পেতে তুমি কী করবে?
- ঙ) ত্রিরত্ন বন্দনা কাকে বলে?
- চ) নিত্যকর্ম সম্পাদন করবে কেন?
- ছ) দুইটি সর্বোৎকৃষ্ট দানের নাম লেখ।
- জ) প্রচণ্ড ঠান্ডায় গরিব মানুষের খুব কষ্ট হচ্ছে। এটা জেনে তুমি কি করবে?
- ঝ) শীল বলতে কী বোঝায়?
- ঞ) কোন দুটি মানুষের অমূল্য সম্পদ?
- ট) বাড়িতে অবস্থান করে কোন কোন শীল পালন করা যায়?
- ঠ) অভিধর্ম শব্দের দুটি অর্থ লেখ।
- ড) ত্রিপিটকের কয়টি অংশ ও কী কী?
- ঢ) পট্টঠান শব্দের দুটি অর্থ লেখ।
- ণ) তোমাদের ধর্মের প্রবর্তক কোন ভাষায় ধর্মবাণী প্রচার করেন?

২. শূন্যস্থান পূরণ কর:

১×১২=১২

- ক) শিশুটি --- হয়েই সাত পা হেঁটে সামনে গেল।
- খ) --- দুঃখ কীভাবে দূর করবেন নীরবে বসে ভাবতেন।
- গ) সিদ্ধার্থ গৌতম --- বছর ধর্ম প্রচার করেন।
- ঘ) বিমাতা --- এর মাধ্যমে লালিত পালিত হন বলে তাঁর নাম হয় গৌতম।
- ঙ) লোক সমাজে --- মাত্রই গুরুজন।
- চ) গুরুদের প্রতি --- করা উচিত।
- ছ) প্রত্যেকেরই --- থাকতে হবে।
- জ) পৃথিবীতে --- হলেন পরম গুরু।
- ঝ) দানের গুরুত্ব মানব জীবনে ---।
- ঞ) মানুষের মধ্যে --- ব্যক্তিই শ্রেষ্ঠ।
- ট) শীলবানেরা সজ্ঞানে --- করেন।
- ঠ) শ্রামণদের নিত্য --- শীলই দানশীল।

৩. ডান পাশ থেকে শব্দ এনে বাম পাশের শব্দের সঙ্গে মিলাও:

৫×২=১০

| | |
|-----------------------------------|------------------------------------|
| ক) বুদ্ধের শিষ্যরা তাঁর উপদেশসমূহ | ক) প্রথম সংগীতি অনুষ্ঠিত হয়। |
| খ) সাধারণ মানুষের মুখের | খ) অন্যতম দর্শনশাস্ত্র। |
| গ) বুদ্ধের পরিনির্বাণের তিনমাস পর | গ) ভাষা ছিল পালি। |
| ঘ) বুদ্ধ কালজ্ঞ, সজ্ঞ ও | ঘ) মুখস্থ করে রাখতেন। |
| ঙ) ধাতুকথা বৌদ্ধধর্মের | ঙ) ত্রিলোক জ্ঞান সম্পন্ন ছিলেন। |
| চ) ধর্মসঙ্গানির বিষয়বস্তু | চ) চিত্ত হলো মানুষের মন। |
| | ছ) দর্শন তাত্ত্বিক ও বিশ্লেষণমূলক। |

৪. যে কোনো ৮টি প্রশ্নের উত্তর লেখ:

৮×৬=৪৮

- ক) সিদ্ধার্থ গৌতমের শিশুকালের স্বভাব কেমন ছিল? তাঁর বাল্যকাল সম্পর্কে চারটি বাক্য লেখ।
- খ) “এ আসলে আমার রক্ত মাংস শুকিয়ে থাক” এ কথাটি কে, কখন, কেন কাজে বলেছিলেন? জীবনে প্রতিষ্ঠিত হতে হলে তুমি কী করবে তা তিনটি বাক্য লেখ।
- গ) আমরা সমাজে বাস করি। সমাজের প্রতি আমরা কী রয়েছে? পরিবার ও সমাজের উন্নতি করতে হলে আমাদের কী করতে হবে? কীভাবে তুমি এটা করবে? ৪টি বাক্য লেখ।
- ঘ) গুরুজন কারা? গুরুজনের প্রতি তোমার ৫টি কর্তব্য লেখ।
- ঙ) তিন প্রকার দানের নাম লেখ। তুমি কেন দান করবে ৫টি বাক্য লেখ।
- চ) আগামী গুরুব্রাহ্মণের তোমাদের বাসায় অষ্টপরিষ্কার দান করা হবে। এই দানের নিয়মাবলী ৬টি বাক্য বর্ণনা কর।
- ছ) জীবনে সুখ পেতে মানুষ অনেক সময় খারাপ পথে চলে যায়। এদের কে কী বলা হয়? এমন লোকের কী কী ক্ষতি হয় ৫ টি বাক্য লেখ।
- জ) তোমাদের ধর্মী দৃষ্টিকোণে কেমন ব্যক্তিকে শ্রেষ্ঠ বলা হয়? এমন একজন ব্যক্তি হিসেবে তুমি কী করবে? ৫ টি বাক্য লেখ।
- ঝ) তুমি জানো ৭টি গ্রন্থের সমষ্টি হলো সপ্তপ্রকরণ। এগুলো কী কী? ধর্মজানি সম্পর্কে ৪ টি বাক্য লেখ।
- ঞ) তুমি যে ধর্মের অনুসারি তার পবিত্র ধর্মগ্রন্থ আছে। এই গ্রন্থটির নাম কি? এটি প্রথম কোথায় ও কার রাজত্ব কালে লিখিত রূপ পায়? এ সম্পর্কে ৩টি বাক্য লেখ।